বৈশেষিক মতে অভাব হল সপ্তম পদার্থ। ভাব ভিন্ন পদার্থ হল অভাব। ন্যায় বৈশেষিক মতে অভাব পদার্থ প্রত্যক্ষসিদ্ধ। অভাব প্রথমত দুই প্রকার - ১) সংসর্গাভাব ও অন্যোন্যাভাব। সংসর্গাভাব আবার তিন প্রকার - ১) প্রাগ্‌ভাব, ২) ধ্বংসাভাব ও ৩) অত্যন্তাভাব। প্রাগ্‌ভাবের আদি নেই, কিন্তু অন্ত আছে। ধ্বংসাভাবের আদি আছে, কিন্তু অন্ত নেই। অত্যন্তাভাবে আদি ও নেই, আবার অন্তও নেই। ইহা নিত্য। অন্যোন্যাভাবে আদি ও নেই, আবার অন্তও নেই, ইহা নিত্য। অন্যোন্যাভাব ও নিত্য অভাব।

## ১ নম্বরের প্রশ্ন ও উত্তর (সম্পূর্ণ বাক্যে উত্তর দাও)

**প্রঃ** ▸▸ **বৈশেষিক দর্শনের প্রতিষ্ঠাতা কে?**

**উঃ** বৈশেষিক দর্শনের প্রতিষ্ঠাতা হলেন মহর্ষি কণাদ।

**প্রঃ** ▸▸ **বৈশেষিক দর্শনের কয়েকটি উল্লেখযোগ্য গ্রন্থের নাম লেখ।**

**উঃ** প্রশস্তপাদের পদার্থ ধর্ম সংগ্রহ, ব্যোম শিবের বোমবতী, উদয়নের কিরণাবলী, শ্রীধরের ন্যায় কন্দলী, বিশ্বনাথের ভাষা-পরিচ্ছেদ বৈশেষিক দর্শনের উল্লেখযোগ্য গ্রন্থ।

**প্রঃ** ▸▸ **কণাদ রচিত গ্রন্থ বা বৈশেষিক দর্শনের মূল গ্রন্থটি কি?**

**উঃ** কণাদ রচিত গ্রন্থটি হল 'বৈশেষিক সূত্র'।

**প্রঃ** ▸▸ **বৈশেষিক দর্শনে কটি পদার্থ স্বীকার করা হয়েছে?**

**উঃ** বৈশেষিক দর্শনে সাতটি পদার্থ স্বীকার করা হয়েছে।

**প্রঃ** ▸▸ **বৈশেষিক মতে পদার্থ কি?**

**উঃ** বৈশেষিক মতে পদের অর্থ হল পদার্থ।

**প্রঃ** ▸▸ **বৈশেষিক মতে, প্রথম পদার্থ কোনটি?**

**উঃ** বৈশেষিক মতে, প্রথম পদার্থ হল দ্রব্য।

**প্রঃ** ▸▸ **বৈশেষিক মতে দ্রব্য কটি?**

**উঃ** বৈশেষিক মতে দ্রব্য নয়টি।

**প্রঃ** ▸▸ **বৈশেষিক মতে ভূত দ্রব্য কটি?**

**উঃ** বৈশেষিক মতে ভূত দ্রব্য পাঁচটি।

**প্রঃ** ▸▸ **বৈশেষিক মতে, কোন ভূত দ্রব্য কেবল নিত্য?**

**উঃ** বৈশেষিক মতে, ব্যোম হল কেবল নিত্য ভূত দ্রব্য।

**প্রঃ** ▸▸ **বৈশেষিক মতে, সাবয়ব বস্তুর নিত্যরূপটি কি?**

**উঃ** বৈশেষিক মতে সাবয়ব বস্তুর নিত্যরূপটি হল পরমাণু।



Scanned with CamScanner

প্রঃ ⏩ **ন্যায় বৈশেষিক দর্শনে পরমাণুর অস্তিত্ব কিরূপে সিদ্ধ হয়?**

উঃ ন্যায় বৈশেষিক দর্শনে পরমাণুর অস্তিত্ব অনুমানের দ্বারা সিদ্ধ হয়।

প্রঃ ⏩ **বৈশেষিক মতে দ্ব্যণুক কি?**

উঃ বৈশেষিক মতে দুটি একই জাতীয় পরমাণুর মিলনের ফলে যা উৎপন্ন হয় তাকে দ্ব্যণুক বলে।

প্রঃ ⏩ **বৈশেষিক মতে একটি এসরেণুর মধ্যে কটি পরমাণু থাকে?**

উঃ বৈশেষিক মতে একটি এসরেণুর মধ্যে 3x2=6 টি পরমাণু থাকে।

প্রঃ ⏩ **বৈশেষিক মতে, ক্ষিতির গুণ কি?**

উঃ বৈশেষিক মতে,ক্ষিতির গুণ হল গন্ধ।

প্রঃ ⏩ **বৈশেষিক মতে ক্ষিতির কটি গুণ আছে?**

উঃ বৈশেষিক মতে ক্ষিতির ১৪টি গুণ আছে।

প্রঃ ⏩ **বৈশেষিক মতে, আত্মা কি?**

উঃ বৈশেষিক মতে, আত্মা হল জ্ঞানের অধিকরণ। ইহা নিত্য ও বিভু দ্রব্য।

প্রঃ ⏩ **বৈশেষিক মতে, মন অণুপরিমাণ না বিভু পরিমাণ?**

উঃ বৈশেষিক মতে মন হল অণুপরিমাণ।

প্রঃ ⏩ **বৈশেষিক মতে, মনের স্বরূপ কি?**

উঃ বৈশেষিক মতে, মন হল নিত্য ও অনুপরিমাণ দ্রব্য। মন হল অন্তরইন্দ্রিয়। ইহা অভৌতিক এবং সংখ্যায় অনেক।

প্রঃ ⏩ **ন্যায় বৈশেষিক মতে গুণ কটি?**

উঃ ন্যায় বৈশেষিক মতে মোট গুণ হল চব্বিশটি।

প্রঃ ⏩ **বৈশেষিক মতে, কর্ম কটি?**

উঃ বৈশেষিক মতে, কর্ম পাঁচটি।

প্রঃ ⏩ **বৈশেষিক মতে, চতুর্থ পদার্থ কি?**

উঃ বৈশেষিক মতে, চতুর্থ পদার্থটি হল সামান্য।

প্রঃ ⏩ **বৈশেষিক মতে, সামান্য কয় প্রকার?**

উঃ বৈশেষিক মতে সামান্য তিন প্রকার।

প্রঃ ⏩ **বৈশেষিক মতে, অনুগত ধর্ম কত প্রকার?**

উঃ বৈশেষিক মতে, অনুগত ধর্ম দুই প্রকার জাতি ও উপাধি।

প্রঃ ⏩ **আচায্য উদয়নের মতে, জাতি বাধক কটি?**

উঃ আচায্য উদয়নের মতে জাতিবাধক ছটি।

Scanned with CamScanner

প্রঃ ▶▶ বৈশেষিক মতে 'বিশেষত্ব' জাতি নয় কেন?

উঃ বৈশেষিক মতে রূপহানি জাতি বাধকের জন্য বিশেষত্ব জাতি নয়।

প্রঃ ▶▶ বৈশেষিক মতে, 'আকাশত্ব' জাতি নয় কেন?

উঃ বৈশেষিক মতে, ব্যক্তির অভেদ জাতিবাধকের জন্য 'আকাশত্ব' জাতি নয়।

প্রঃ ▶▶ বৈশেষিক মতে সপ্তম পদার্থ কোনটি?

উঃ বৈশেষিক মতে সপ্তম বা শেষ পদার্থ হল অভাব।

প্রঃ ▶▶ বৈশেষিক মতে, অন্যোন্যাভাবের একটি উদাহরণ দাও। (২০০৪)

উঃ বৈশেষিক মতে, অন্যোন্যাভাবের একটি উদাহরণ হল 'ঘট পট নয়'।

প্রঃ ▶▶ বৈশেষিক মতে, সংসর্গাভাব কয় প্রকার?

উঃ বৈশেষিক মতে, সংসর্গাভাব তিন প্রকার।

প্রঃ ▶▶ অত্যন্তাভাব কি অনিত্য অভাব?

উঃ না, অত্যন্তাভাব নিত্য অভাব।

প্রঃ ▶▶ বৈশেষিক দর্শনে কটি প্রমাণ স্বীকার করা হয়েছে?

উঃ বৈশেষিক দর্শনে দুটি প্রমাণ স্বীকার করা হয়েছে।

প্রঃ ▶▶ বৈশেষিক দর্শনে উপমান ও শব্দ প্রমাণ স্বীকার করা হয় না কেন?

উঃ বৈশেষিক মতে, উপমান ও শব্দ প্রমাণ - প্রত্যক্ষ ও অনুমানের অন্তর্গত।

## ২ নম্বরের প্রশ্ন ও উত্তর (দুই অথবা তিন বাক্যে লেখ)

প্রঃ ▶▶ বৈশেষিক দর্শনের প্রতিষ্ঠাতা কে? বৈশেষিক দর্শনের আকর গ্রন্থ কোনটি?

উঃ বৈশেষিক দর্শনের প্রতিষ্ঠাতা মহর্ষি কনাদ। কনাদ রচিত 'বৈশেষিক সূত্র' হল বৈশেষিক দর্শনের আকর গ্রন্থ।

প্রঃ ▶▶ বৈশেষিক মতে, প্রমাণ কয়টি ও কি কি?

উঃ বৈশেষিক মতে, প্রমাণ দুইটি। ক) প্রত্যক্ষ ও ২) অনুমান।

প্রঃ ▶▶ বৈশেষিক গণ উপমান ও শব্দ প্রমাণ স্বীকার করেন না কেন?

উঃ বৈশেষিক মতে, উপমান ও শব্দ প্রমাণ হল প্রত্যক্ষ ও অনুমানের অন্তর্গত।

প্রঃ ▶▶ বৈশেষিক মতে, 'আকাশত্ব' জাতি নয় কেন?

উঃ বৈশেষিক মতে, ব্যক্তির অভেদ জাতি বাধকের জন্য আকাশত্ব জাতি নয়, কেননা আকাশ একটি, তাই আকাশের ধর্ম আকাশত্ব অনেকে সমবেত হতে পারে না, সেজন্য আকাশত্ব জাতি নয়।

Scanned with CamScanner

**প্রঃ ▶▶ 'ঘটত্ব' ও 'কলসত্ব' কে একসঙ্গে জাতি বলা যায় না কেন?**

**উঃ** বৈশেষিক মতে তুল্যত্ব জাতি বাধকের জন্য 'ঘটত্ব' ও 'কলসত্ব' একসঙ্গে জাতি হ পারে না, ঘটত্ব ধর্ম থাকে ঘটে 'কলসত্ব' ধর্ম থাকে কলসে। যাকে ঘট বলা হয় তাকে কলস বলা হয়। অর্থাৎ ঘট = কলস। সেজন্য কোন একসময়ে কোন একটি জাতি হ পারে, কিন্তু একসঙ্গে হতে পারে না। তবে ইহা জাতি বাধক নয়, জাতিভেদের বাধক।

**প্রঃ ▶▶ 'সামান্যত্ব' জাতি নয় কেন?**

**উঃ** বৈশেষিক মতে, সামান্য নিজেই জাতি, আবার তার ধর্ম সামান্যত্বকে যদি বলা হয় তাহলে তারও জাতি স্বীকার করতে হবে, ফলে কল্পনার লাঘব হবে না, অনবস্থা দোষ ঘটবে। এ দোষ পরিহারের জন্যই সামান্যত্বকে আর জাতি হিসাবে স্বীকার করা হয় না।

**প্রঃ ▶▶ 'বিশেষত্ব'কে জাতি বলা যায় না কেন?**

**উঃ** বৈশেষিক মতে, বিশেষের স্বরূপ হল স্বতঃব্যবর্তক। কিন্তু সামান্য বা জাতির স্বরূপ হল একত্রিত করা, এখন যদি বিশেষত্বকে জাতি হিসাবে স্বীকার করা হয়, তাহলে বিশেষের স্বরূপের হানি ঘটে। তাই রূপহানি জাতি বাধকের জন্য বিশেষের বিশেষত্বকে জাতি হিসাবে স্বীকার করা হয় না।

**প্রঃ ▶▶ 'সমবায়ত্ব' বা 'অভাবত্ব' জাতি নয় কেন?**

**উঃ** প্রশ্ন হল সমবায়ত্ব সমবায়ে এবং অভাবত্ব অভাবে কোন সম্বন্ধে আছে? যদি বলা হয় সমবায় সম্বন্ধে তাহলে অনাবস্থা দোষ ঘটবে। সমবায় ও অভাব কোথাও কোন সম্বন্ধে থাকে না, এই সম্বন্ধের অভাবের জন্য সমবায়ত্ব ও অভাবত্ব জাতি নয়।

**প্রঃ ▶▶ বৈশেষিক মতে, অত্যন্তাভাব ও অন্যোনাভাবের মধ্যে পার্থক্য কি?**

**উঃ** বৈশেষিক মতে, অত্যন্তাভাব ও অন্যোনাভাব উভয়-ই নিত্য অভাব, তবে অত্যন্তাভাব হল নিত্য সংসর্গাভাব, সেখানে অন্যোনাভাব হল নিত্য তাদাত্ম্যের অভাব। অন্যোনাভাব হল দুটি দ্রব্যের পারস্পরিক সম্বন্ধের নিত্য অভাব, যেখানে অত্যন্তাভাব হল দুটি পদার্থের সংসর্গের নিত্য অভাব।

**প্রঃ ▶▶ বৈশেষিক মতে পদার্থ কটি ও কি কি? (২০০৪)**

**উঃ** বৈশেষিক মতে, পদার্থ হল সাতটি : ১) দ্রব্য ২) গুণ ৩) কর্ম ৪) সামান্য ৫) বিশেষ ৬) সমবায় ও ৭) অভাব।

**প্রঃ ▶▶ বৈশেষিক মতে দ্রব্য কাকে বলে?**

**উঃ** যে পদার্থে গুণ ও ক্রিয়া সমবায় সম্বন্ধে আশ্রিত থাকে, তাকে দ্রব্য বলে।

**প্রঃ ▶▶ বৈশেষিক মতে দ্রব্য কয় প্রকার ও কি কি?**

**উঃ** বৈশেষিক মতে দ্রব্য নয়টি - ১) ক্ষিতি, ২) অপ, ৩) তেজ, ৪) মরুৎ, ৫) ব্যোম, ৬) দিক, ৭) কাল, ৮) আত্মা ও ৯) মন।

Scanned with CamScanner

**প্রঃ ⏩ বৈশেষিক মতে কর্ম কয় প্রকার ও কি কি?**

**উঃ** বৈশেষিক মতে কর্ম পাঁচ প্রকার - ১) উৎক্ষেপণ ২) অবক্ষেপণ ৩) আকুঞ্চন ৪) প্রসারণ ৫) গমন।

**প্রঃ ⏩ বৈশেষিক মতে ভৌত দ্রব্য কটি ও কি কি?**

**উঃ** বৈশেষিক মতে ভৌত দ্রব্য পাঁচটি - ১) ক্ষিতি, ২) অপ, ৩) তেজ, ৪) মরুৎ, ৫) ব্যোম।

**প্রঃ ⏩ বৈশেষিক মতে, গুণ কটি ও কি কি?**

**উঃ** বৈশেষিক মতে, গুণ চব্বিশটি - ১) রূপ, ২) রস, ৩) গন্ধ, ৪) স্পর্শ, ৫) সংখ্যা, ৬) পরিমাণ, ৭) পৃথকত্ব, ৮) সংযোগ, ৯) বিভাগ, ১০) পরত্ব, ১১) অপরত্ব, ১২) বুদ্ধি, ১৩) সুখ, ১৪) দুঃখ, ১৫) ইচ্ছা,১৬) দ্বেষ, ১৭) প্রযত্ন, ১৮) গুরুত্ব, ১৯) দ্রব্যত্ব, ২০) স্নেহ,২১)সংস্কার, ২২) ধর্ম, ২৩) অধর্ম, ২৪) শব্দ।

**প্রঃ ⏩ বৈশেষিক মতে, সামান্যের স্বরূপ কি?**

**উঃ** বৈশেষিক মতে, যাহা নিত্য, এক ও অনেকে অনুগত তাকেই সামান্য বলে। যেমন ঘটত্ব, পটত্ব প্রভৃতি হল সামান্য।

**প্রঃ ⏩ বৈশেষিক মতে, সামান্য কয় প্রকার ও কি কি?**

**উঃ** বৈশেষিক মতে, সামান্য তিন প্রকার - ১) পর সামান্য, ২) অপর সামান্য এবং ৩) পরাপর সামান্য।

**প্রঃ ⏩ বৈশেষিক মতে জাতিবাধক কয় প্রকার ও কি কি?**

**উঃ** বৈশেষিক মতে জাতিবাধক ছটি - ১) ব্যক্তির অভেদ ২) তুল্যত্ব ৩) সঙ্কর ৪) অনাবস্থা ৫) রূপহানি ও ৬) অসম্বন্ধ।

**প্রঃ ⏩ সমবায়ের সম্বন্ধীদ্বয় কি কি হতে পারে? (২০০৪)** — Imp

**উঃ** সমবায়ের সম্বন্ধীদ্বয় পাঁচজোড়া - ১) দ্রব্য ও গুণ ২) দ্রব্য ও কর্ম ৩) জাতি ও ব্যক্তি ৪) অবয়ব-অবয়বী ৫) নিত্যদ্রব্য ও বিশেষ।

**প্রঃ ⏩ বৈশেষিক মতে, অযুতসিদ্ধ পদার্থ কাকে বলে?**

**উঃ** বৈশেষিক মতে, অযুতসিদ্ধ পদার্থ হল সেই পদার্থ যা অন্য একটি পদার্থের সঙ্গে এমনভাবে সম্বন্ধযুক্ত হয়ে থাকে যে ঐ দুই পদার্থের কোন একটির বিনাশ না হওয়া পর্যন্ত একটিকে অপরটি থেকে বিচ্ছিন্ন করা যায় না।

**প্রঃ ⏩ বৈশেষিক মতে, অভাব কিরূপে জানা যায়?**

**উঃ** বৈশেষিক মতে, বিশেষণ-বিশেষ্য সন্নিকর্ষের দ্বারা অভাব প্রত্যক্ষ হয়। যে ইন্দ্রিয়ের দ্বারা যে বিষয়ের ভাব প্রত্যক্ষ হয়, সেই ইন্দ্রিয়ের দ্বারা সেই বিষয়ের অভাব প্রত্যক্ষ হয়।

Scanned with CamScanner

প্রঃ ▶▶ বৈশেষিক মতে মূর্ত দ্রব্য কটি ও কি কি?

উঃ বৈশেষিক মতে মূর্ত দ্রব্য পাঁচটি ১) ক্ষিতি ২) অপ ৩) তেজ ৪) মরুৎ ৫) মন।

প্রঃ ▶▶ বৈশেষিক মতে সংসর্গাভাব কয় প্রকার ও কি কি?

উঃ বৈশেষিক মতে, সংসর্গাভাব তিন প্রকার - ১) প্রাগ্‌ভাব ২) ধ্বংসাভাব ও ৩) অত্যন্তাভাব।

প্রঃ ▶▶ অনুযোগী ও প্রতিযোগী বলতে কি বোঝ?

উঃ যে অধিকরণে বস্তুর অভাব থাকে তাকে বলে অনুযোগী আর যে বস্তুর অভাব থাকে, তাকে বলে প্রতিযোগী।

প্রঃ ▶▶ অত্যন্তাভাবের একটি উদাহরণ দাও।

উঃ বায়ুতে রূপের অভাব হল - অত্যন্তাভাবের একটি উদাহরণ। কেননা বায়ুতে রূপ কোনদিন ছিল না, এবং থাকবে না তাই ইহা নিত্য ও সংসর্গ হওয়ায় অত্যন্তাভাব।

প্রঃ ▶▶ কোন সন্নিকর্ষ দ্বারা আমরা কর্মত্বজাতি প্রত্যক্ষ করি? (২০০৪)

উঃ বৈশেষিক মতে, সংযুক্ত সমবেত সমবায় সন্নিকর্ষের দ্বারা কর্মত্ব জাতি প্রত্যক্ষ করা হয়।

প্রঃ ▶▶ বৈশেষিক মতে, পরমাণু কি?

উঃ বৈশেষিক মতে, পরমাণু হল সাবয়ব বস্তুর অবিভাজ্য চরম সূক্ষ্ম উপাদান যা নিরাবয়ব ও নিত্য।

প্রঃ ▶▶ বৈশেষিক মতে, দ্ব্যণুকের কিরূপে উৎপত্তি হয়?

উঃ বৈশেষিক মতে, ঈশ্বরের জগৎ সৃষ্টির ইচ্ছায় পরমাণুর মধ্যে ক্রিয়া উৎপন্ন হয়, এর ফলে দুটি সমজাতীয় পরমাণু মিলিত হয়ে দ্ব্যণুক উৎপন্ন করে।

প্রঃ ▶▶ পরমাণুর অস্তিত্ব স্বীকার করা হয় কেন?

উঃ সাবয়ব বস্তুর অবয়ব ধারায় কোন এক জায়গায় বিশ্রাম প্রয়োজন তা নাহলে সাবয়ব বস্তুমাত্র-ই অনন্ত অবয়ববিশিষ্ট হয়ে পড়বে। এইজন্য অবয়বধারায় বিশ্রাম বা নিরবয়ব কণারূপে পরমাণুর অস্তিত্ব স্বীকার করতে হয়।

প্রঃ ▶▶ বৈশেষিক মতে সমবায়ত্ব ও অভাবত্ব জাতি নয় কেন?

উঃ সমবায় ও অভাব পদার্থ সমবায় সম্বন্ধে কোথাও থাকে না, আবার সমবায় বা অভাবে অন্য কোন পদার্থ সমবায় সম্বন্ধে থাকে না, এইরূপে সমবায় সম্বন্ধের অভাবের জন্যই সমবায়ত্ব ও অভাবত্ব জাতি নয়।

প্রঃ ▶▶ সংস্কার কাকে বলে? সংস্কার কয় প্রকার ও কি কি?

উঃ বৈশেষিক মতে, সংস্কার হচ্ছে প্রবণতা। সংস্কার হচ্ছে তিন প্রকার-
১) বেগ ২) ভাবনা ৩) স্থিতিস্থাপক।

Scanned with CamScanner

**প্রঃ ▶▶ বৈশেষিক মতে ধর্ম ও অধর্ম বলতে কি বোঝায়?**

**উঃ** বৈশেষিক মতে, পাপকে বলা হয় অধর্ম এবং পূণ্যকে বলা হয় ধর্ম। শাস্ত্রবিহিত কর্মের জন্য ধর্ম এবং শাস্ত্র নিষিদ্ধ কর্মের জন্য অধর্ম গুণ উৎপন্ন হয়। ধর্ম থেকে সুখ এবং অধর্ম থেকে দুঃখ উৎপন্ন হয়।

**প্রঃ ▶▶ বৈশেষিক মতে, ভাবনা সংস্কার কাকে বলে?**

**উঃ** বৈশেষিক মতে, যার জন্য স্থিতি ও প্রত্যভিজ্ঞা সম্ভব হয়, তাকে বলা হয় ভাবনা সংস্কার।

**প্রঃ ▶▶ স্থিতিস্থাপক সংস্কার কাকে বলে?**

**উঃ** যার জন্য বস্তুর অবস্থান্তর ঘটার পরেও তা আবার পূর্ণবস্থা লাভ করে, তাকে বলে স্থিতিস্থাপক সংস্কার।

**প্রঃ ▶▶ বৈশেষিক মতে, কর্ম কাকে বলে?**

**উঃ** বৈশেষিক মতে, যা দ্রব্যাশ্রিত কিন্তু গুণ নয়, এবং সংযোগ ও বিভাগের কারণ তাই হল কর্ম।

**প্রঃ ▶▶ কর্ম কয় প্রকার ও কি কি?**

**উঃ** কর্ম হল পাঁচ প্রকার- ১) উৎক্ষেপণ ২) অবক্ষেপণ ৩) অকুঞ্চন ৩) প্রসারণ ও ৫) গমন।

**প্রঃ ▶▶ বৈশেষিক মতে জাতি কয় প্রকার ও কি কি?**

**উঃ** বৈশেষিক মতে জাতি তিন প্রকার ১) পর ২) অপর ও ৩) পরাপর

**প্রঃ ▶▶ পর সামান্য কাকে বলে?**

**উঃ** ব্যাপকতম জাতি হচ্ছে পরজাতি বা সামান্য, যেমন- সত্তা।

**প্রঃ ▶▶ অপর সামান্য কাকে বলে?**

**উঃ** সর্বাপেক্ষা কম ব্যাপক সামান্য বা জাতিকে বলা হয় অপর সামান্য বা জাতি। যেমন- ঘটত্ব।

**প্রঃ ▶▶ পরাপর সামান্য বা জাতি কাকে বলে?**

**উঃ** যে সামান্য পর সামান্য থেকে কম ব্যাপক, কিন্তু অপর সামান্য থেকে বেশী ব্যাপক, তাকে বলা হয় পরাপর সামান্য বা জাতি, যেমন - দ্রব্যত্ব।

**প্রঃ ▶▶ সমবায় সম্বন্ধ কয় প্রকার ও কি কি?**

**উঃ** সমবায় সম্বন্ধ চার প্রকার-

১) অবয়বের সঙ্গে অবয়বীর সম্বন্ধ

২) দ্রব্যের সঙ্গে গুণের সম্বন্ধ

৩) দ্রব্যের সঙ্গে কর্মের সম্বন্ধ

৪) ব্যক্তির সঙ্গে জাতির সম্বন্ধ।

Scanned with CamScanner

**প্রঃ ▶▶ সংযোগ ও সমবায়ের মধ্যে পার্থক্য কি?**

**উঃ** ১) সংযোগ দুটি দ্রব্যের সম্বন্ধ কিন্তু সমবায় দুটি দ্রব্যের মধ্যে যে হবেই তা নয়, দুটি পদার্থের মধ্যেও হতে পারে।

২) সমবায় হল আধার আধেয় কিন্তু সংযোগ আধার আধেয় নাও হতে পারে।

৩) সংযোগের বিষয় দুটি যুত সিদ্ধ কিন্তু সমবায়ের পদার্থ দুটি অযুতসিদ্ধ।

৪) সংযোগ অনেক কিন্তু সমবায় এক।

৫) সংযোগ হল গুণ যেখানে সমবায় একটি স্বতন্ত্র পদার্থ।

**প্রঃ ▶▶ বৈশেষিক মতে অন্ধকার কি একটি পৃথক পদার্থ? তোমার উত্তরের সমর্থনের অনুকূলে যুক্তি দাও।** ক. বি. ২০১১

**উঃ** বৈশেষিক মতে, যা গুণবাণ, যা ক্রিয়াশীল তাকে দ্রব্য বলা হয়। আর দ্রব্য হল একটি অন্যতম পদার্থ। অন্ধকার সম্বন্ধে বলা হয় 'তমঃ খালু চলং নীলম্'। অর্থাৎ অন্ধকার নীল বর্ণের এবং ধীরে ধীরে গতিশীল তাই অন্ধকারকে দশম দ্রব্য বলা যেতে পারে। তবে বৈশেষিক মতে, অন্ধকারের কোন বর্ণও নেই, আবার কোন গতি নেই, আসলে অন্ধকার বলে কিছু নেই। অন্ধকার হল আলোর অভাব। আলোর গতিকে অন্ধকারের গতি বলে আমরা ভুল করি।

**প্রঃ ▶▶ বৈশেষিক পরমাণুবাদ ও গ্রীক পরমাণুবাদের পার্থক্য কি?**

**উঃ** ১) গ্রীক পরমাণুবাদ অনুযায়ী পরমাণু গতিশীল ও সক্রিয় যেখানে বৈশেষিক মতে, পরমাণু নিষ্ক্রিয়।

২) গ্রীক পরমানুবাদে বলা হয় গুণগত ভেদ নেই কিন্তু বৈশেষিক মতে গুণগত ভেদ বর্তমান।

৩) গ্রীক পরমাণুবাদ জড়বাদ ও যান্ত্রিকতাবাদের সমর্থক, কিন্তু বৈশেষিক মতবাদ অধ্যাত্মবাদ, উদ্দেশ্যবাদ ও নৈতিক শৃঙ্খলায় বিশ্বাসী।

Scanned with CamScanner